

বাড়ির কাজ - ৩		
শ্রেণি: তৃতীয়	বিষয়: বাংলা	
শিক্ষার্থীর নাম:	রোল নম্বর:	তারিখ:
নির্দেশনা: "রাজা ও তাঁর তিন কন্যা" গল্পটি মনোযোগ সহকারে পড়ি ও অনুশীলনীর কাজগুলো আলাদা পৃষ্ঠায় লিখি।		

অনুশীলনী

১. শব্দগুলো পাঠ থেকে খুঁজে বের করি। অর্থ বলি।

জবাব হাসির রেখা অস্থির হুকুম বনবাসে অরণ্য জন-প্রাণী খেয়াল
উজির নাজির পাইক বরকন্দাজ জিরিয়ে বেজায় বিশ্বাদ বিরক্ত
জিজ্ঞাসা ক্ষুধার্ত

২. ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করি।

হুকুম অস্থির বেজায় জন-প্রাণী বরকন্দাজরা বিশ্বাদ বনবাসে

ক. বিপদে হওয়া ভালো নয়।

খ. বাবা কাজটা করতে দিলেন।

গ. এ বছর শীত পড়েছে।

ঘ. টাঁদে কোনো নেই।

ঙ. নুন ছাড়া খাবার খেতে লাগে।

চ. রাজা মেয়েকে পাঠালেন।

ছ. জমিদার বাড়ি পাহারা দিত।

৩. যুক্তবর্ণগুলো চিনে নিই। যুক্তবর্ণ দিয়ে তৈরি করা নতুন শব্দ পড়ি।

কন্যা	ন্য	ন	্য	(য-ফলা)	বন্যা, বন্য
বরকন্দাজ	ন্দ	ন	দ		ছন্দ, খন্দ
প্রাণী	প্র	প	্র	(র-ফলা)	প্রথম, প্রাণ
ক্ষুধার্ত	ফ	ক	ধ		ক্ষমা, ক্ষণ
রান্না	ন্ন	ন	ন্		কান্না, পান্না

৪. শূন্যস্থান পূরণ করি।

ক. বকুল বলল, “আমি তোমাকে মতো ভালোবাসি।”

খ. রাজা একটু হাসলেন।

গ. পারুলকে পাঠানো হলো।

ঘ. পারুল ফিরে আসায় রাজ্যে সবার মুখে ফুটল।

৫. ঠিক উত্তরটি বাছাই করে বলি ও লিখি।

ক. কে রাজাকে কী রকম ভালোবাসে – সে প্রশ্নের উত্তরে প্রথম কন্যা কী বলল?

১. আমি তোমাকে নুনের মতো ভালোবাসি।

২. আমি তোমাকে মিষ্টির মতো ভালোবাসি।

৩. আমি তোমাকে চিনির মতো ভালোবাসি।

৪. আমি তোমাকে গুড়ের মতো ভালোবাসি।

খ. রাজার ছোট মেয়েকে বনের মধ্যে কারা বাড়ি বানিয়ে দিল?

১. রাজার লোকেরা

২. বনের পরীরা

৩. বনের পশুরা

৪. বনের পাখিরা

গ. “আমাকে চিনতে পেরেছেন?” – রাজাকে এ প্রশ্ন কে করল?

১. শিমুল

২. বকুল

৩. পারুল

৪. রানি

ঘ. রাজা খুব খুশি হলেন কেন?

১. সাজানো খাবার দেখে

২. ছোট মেয়েকে দেখে

৩. শিকার করতে এসে

৪. নানা ফলমূল খেয়ে

৬. মুখে মুখে উত্তর বলি।

- ক. শিমুল, বকুল, পারুল – এদের পরিচয় কী?
- খ. মেয়েদের কাছে রাজার প্রশ্নটা কী ছিল?
- গ. শিমুল ও বকুলের উত্তর শুনে রাজা কী করলেন?
- ঘ. “তোমাকে আমি নুনের মতো ভালোবাসি” – একথা কে বলেছিল?
- ঙ. রাজা ছোট কন্যাকে কী করলেন?
- চ. বনে রাজার মেয়েকে কারা ফলমূল এনে দিল?
- ছ. খাবার মুখে দিয়ে রাজা বিরক্ত হলেন কেন?
- জ. তিনি কীভাবে নিজের ভুল বুঝতে পারলেন?
- ঝ. রাজ্যে আবার সুখ এলো কেন?

৭. উত্তরগুলো লিখি।

- ক. কার উত্তর শুনে রাজার মুখ কালো হয়ে গেল?
- খ. বনবাস বলতে কী বোঝায়?
- গ. পারুলের সঙ্গে দেখা করতে কারা এলো?
- ঘ. পারুল রান্নার সময় কোনো কিছুতে নুন দিল না কেন?
- ঙ. খাবার বিষাদ হয়েছিল কেন?
- চ. রাজা মেয়েকে বুকে জড়িয়ে ধরলেন কেন?
- ছ. পারুল রাজ্যে ফিরে আসায় কারা খুশি হলো?

৮. কথাগুলোর উত্তর জেনে নিই।

- ক. **উজির** শব্দের বদলে আমরা এখন কোন শব্দ ব্যবহার করি?
- খ. **পাইক** শব্দের বদলে আমরা এখন কী বলি?
- গ. **হুকুম** শব্দের মতো একই রকম আর কী কী শব্দ আছে?

মন্ত্রী

সৈন্য

আদেশ, নির্দেশ

৯. গল্পটি মুখে মুখে বলি।

০০
২০২০